গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dpp.gov.bd/gpp

স্মারক নম্বর: ০৫.৮৩.০০০০.০১০.০৭.০০২.২৬-২৭/ তারিখ: ২৬-০৭-২০২৬ খ্রি.

বিষয়: বিজ্ঞপ্তি প্রকাশ।

সংযুক্ত বিজ্ঞপ্তিটি আগামী ২৭-০৭-২০২৬ খ্রিষ্টাব্দে আপনার পত্রিকায় ১(এক) দিনের জন্য সাধারণ পৃষ্ঠায় ৬"×৩ কলাম সাইজে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। পত্রিকার একাধিক সংস্করণ থাকলে সবকটি সংস্করণে প্রকাশের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য যে, বিল পরিশোধের সুবিধার্থে এবং হিসাব সংরক্ষণের জন্য প্রকাশিত বিজ্ঞপ্তির ৪(চার) কপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। আরও উল্লেখ্য যে, বর্ণিত সাইজের বেশি হলে বা একাধিক দিন প্রকাশিত হলে তার জন্য কোন অতিরিক্ত বিল প্রদান করা হবে না।

সংযুক্ত: বিজ্ঞপ্তি ১(এক) পাতা।

স্বা:—

মো: মনিরুজ্জামান
উপপরিচালক (উপসচিব)
ফোন নম্বর: ২২৬৬০৩২১৬
E-mail: dd.gpp@dpp.gov.bd

১। বিজ্ঞাপন ম্যানেজার
The Financial Express
Tropicana Tower
45, Topkhana Road
Dhaka-1000

২। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক আমাদের সময়
১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

স্মারক নম্বর: ০৫.৮৩.০০০০.০১০.০৭.০০২.২৬-২৭/ ১৪২/৩ তারিখ: ২৬-০৭-২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
দৃঃ আঃ সহকারী পরিচালক (প্রশা: ২), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

২। ক্যাশিয়ার, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা।

মহাপরিচালক মহোদয়ের কার্যালয়ে বিক্রয়ের জন্য ২(দুই) কপি এবং গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসে বিক্রয়ের জন্য ৩(তিন) কপি তফসিল এ সাথে প্রেরণ করা হলো। নির্ধারিত তারিখে বিক্রয়ের পরে বিক্রয়লব্ধ টাকা ও অবিক্রিত তফসিল নিম্নস্বাক্ষরকারীর অফিসে ফেরত দেয়ার জন্য সবিনয় অনুরোধ করা হলো।

৩। জনাব মোঃ কামাল হোসেন, টাইমকিপার, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা (তাকে বিজ্ঞপ্তিটি এ প্রেসের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

২৬/৭/২৬

মো: মনিরুজ্জামান
উপপরিচালক (উপসচিব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dpp.gov.bd/gpp

স্মারক নম্বর: ০৫.৮৩.০০০০.০০০.০১০.০৭.০০০২.২৬-২৭/ ২১৪১ তারিখ: ২৬-০৭-২০২৬

বিজ্ঞপ্তি

১	মন্ত্রণালয়/বিভাগ	জনপ্রশাসন মন্ত্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তদর
২	ক্রয়/সংগ্রহকারীর দপ্তর	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস
৩	ক্রয়/সংগ্রহকারীর নাম	উপপরিচালক
৪	সংগ্রহকারীর জেলা/ঠিকানা	তেজগাঁও, ঢাকা
৫	আবেদনপত্র আহ্বানের সূত্র	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তদরের ০২-০৭-২০২৬ তারিখের ০৫.০৪.০০০০.০১১.০৭.৪০৬ (অংশ-১).১৫-১৬/১০২৮ সংখ্যক স্মারক মূলে
৬	ক্রয় প্রক্রিয়া	উম্মক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে (পবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ মোতাবেক)
৭	অর্থায়নের উৎস	রাজস্ব
৮	উন্নয়নের অংশীদার	প্রযোজ্য নয়
৯	প্রকল্প/কর্মসূচীর কোড	প্রযোজ্য নয়
১০	প্রকল্প/কর্মসূচীর নাম	প্রযোজ্য নয়
১১	আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ ও সময়	২৭-০৭-২০২৬ (প্রতিদিন অফিস চলাকালীন) হতে ১১-০৮-২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত
১২	প্রাপ্ত আবেদনপত্র (দরপত্র) খোলার তারিখ ও সময়	১১-০৮-২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ বেলা ৩.০০ ঘটিকা
১৩	তফসিল বিক্রয়কারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	ক। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা খ। উপপরিচালক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা গ। ওয়েবসাইট www.dpp.gov.bd/gpp হতে ডাইনলোডের মাধ্যমে সংগ্রহ করা যাবে
১৪	দরপত্র/আবেদনপত্র দাখিলের দপ্তরের নাম ও ঠিকানা	উপপরিচালক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা
১৫	আবেদনকারীর যোগ্যতা	জ্বালানী এবং লুব্রিকেন্ট বিক্রয়ের জন্য নিয়োজিত বৈধ ডিলারগণ কেবলমাত্র আবদেন করতে পারবেন
১৬	কাজের বিস্তারিত বিবরণ	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা এর প্রয়োজন অনুযায়ী ক্রেডিটে জ্বালানী তেল ও লুব্রিকেন্ট (যেমন: কেরোসিন তেল, ডিজেল, অকটেন, হাইড্রোলিক ওয়েল, মবিল, গ্রিজ ইত্যাদি) সরবরাহকরণ
১৭	রিলেটেড সার্ভিস	পণ্য গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা এর গুদামে পৌছে দিতে হবে
১৮	দরপত্র/আবেদন ফরমের মূল্য	৫০০/- (পাঁচশত) টাকা অফেতযোগ্য
১৯	দরপত্র/আবেদনপত্র আহ্বানকারীর নাম	মো: মনিরুজ্জামান, উপপরিচালক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা
২০	দরপত্র/আবেদনপত্র গ্রহণকারীর পদবি, ঠিকানা, টেলিফোন নম্বর ও ই-মেইল নম্বর	উপপরিচালক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা ২২৬৬০৩২১৬, dd.gpp@dpp.gov.bd/ddgpp1953@gmail.com

বি: দ্র: (১) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
(২) অনিবার্য কারণ বশত: যদি নির্ধারিত তারিখ ও সময়ে আবেদনপত্র খোলা সম্ভব না হয় তাহলে পরবর্তী কার্যদিবসে একই সময়ে আবদেনপত্র খোলা হবে।
(৩) বিস্তারিত বর্ণনা ও অন্যান্য নিয়মাবলী/শর্তাদি তফসিল মোতাবেক।

২৬/৭/২৬

মো: মনিরুজ্জামান
উপপরিচালক(উপসচিব)
ফোন: ২২৬৬০৩২১৬
ই-মেইল: dd.gpp@dpp.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dpp.gov.bd/gpp

মূল্য ৫০০/- (পাঁচশত)
টাকা মাত্র অফেরতযোগ্য

স্মারক নম্বর: ০৫.৮৩.০০০০.০০০.০১০.০৭.০০০২.২৬-২৭/৯৪০

তারিখ: ২৬-০৭-২০২৬

তফসিল

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা এর জন্য সরকার কর্তৃক নির্ধারিত দরে ক্রেডিটে জ্বালানী তেল ও লুব্রিকেন্ট (যেমন: কেরোসিন তেল, ডিজেল, অকটেন, হাইড্রোলিক ওয়েল, মবিল, গ্রিজ ইত্যাদি) সরবরাহকারী নিয়োগের নিমিত্ত প্রকৃত ডিলারগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

আবেদনের শর্তাবলী:

০১। আবেদনকারীকে তার প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে তফসিলসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

০২। আবেদনপত্রে স্বত্বাধিকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, প্রতিষ্ঠানের নাম, প্রতিষ্ঠানের ঠিকানা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৩। আবেদন পত্রের সাথে প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদ, আয়কর সনদ, জাতীয় পরিচয়পত্রের কপি, ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এবং বৈধ ডিলারশীপের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৪। সরকারি, আধাসরকারি কিংবা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ৫ (পাঁচ) বছর সফলভাবে জ্বালানী ও লুব্রিকেন্ট সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে।

০৫। সরকার কর্তৃক নির্ধারিত দরে কোরোসিন তেল, ডিজেল এবং অকটেন সরবরাহ করতে হবে এবং সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক নির্ধারিত দরে লুব্রিকেন্ট (হাইড্রোলিক, মবিল, গ্রীজ ইত্যাদি) সরবরাহ করতে হবে।

০৬। সরকার ও কোম্পানি কর্তৃক নির্ধারিত দরের সাথে কেবল মাত্র ভ্যাট ও পরিবহন ব্যয় দাবী করা যাবে।

০৭। পরিবহন ব্যয় যুক্তিসংগত ভাবে দাবী করতে হবে। প্রতি ড্রামের পরিবহন ব্যয় আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

০৮। গ্রহণযোগ্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে আগামী ৩(তিন) (২০২৬-২৭ হতে ২০২৮-২৯ অর্থবছর পর্যন্ত) বছরের জন্য সরবরাহকারী হিসাবে নিয়োগ দেয়া হবে।

০৯। যোগ্য আবেদনকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানকে জামানত হিসাবে যে কোন সিডিউল ব্যাংক হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকার পে-অর্ডার, ব্যাংক ড্রাফড অথবা ব্যাংক গ্যারান্টি উপপরিচালক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা এর বরাবর দাখিল করতে হবে এবং ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের জুডিশিয়াল ষ্ট্যাম্পে অত্র প্রেসের সহিত চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১০। নিয়োগ মেয়াদ সফলভাবে উত্তীর্ণ হওয়ার পর জামানত ফেরত দেয়া হবে তবে চুক্তি পত্রের কোন শর্ত ভঙ্গ করলে আংশিক বা পূর্ণ জামানত বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা করা হবে।

১১। কোন অবস্থাতে সরকার কর্তৃক নির্ধারিত মূল্য অপেক্ষা জ্বালানী এবং কোম্পানী কর্তৃক নির্ধারিত মূল্য অপেক্ষা লুব্রিকেন্টর মূল্য অধিক দাবি করা যাবে না।

১২। কার্যাদেশ জারীর ১৫(পনের) কার্যদিবসের মধ্যে ক্রেডিটে মালামাল প্রেসের গুদামে পৌছে দিতে হবে।

১৩। সরবরাহকৃত পণ্য/মালামাল ক্রয়কারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত পরিদর্শন টীমের মাধ্যমে পরিদর্শন করিয়ে নিতে হবে।

১৪। সরবরাহকৃত পণ্যের গুনগতমান, কার্যকারিতা ইত্যাদি সঠিক/সন্তোষজনক হতে হবে এবং প্রেসের সংশ্লিষ্ট কাজের উপযোগী হতে হবে। পণ্যে কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে তা তাৎক্ষণিক প্রতিস্থাপন করে দিতে হবে।

১৫। পণ্য সরবরাহের পর ১ (এক) বছরের মধ্যে পণ্যে কোন ত্রুটি দেখা দিলে কিংবা কার্যকারিতা/গুণগতমান নষ্ট হলে সরবরাহকারী প্রতিষ্ঠান বিনামূল্যে পণ্য প্রতিস্থাপন করতে বাধ্য থাকবেন।

১৬। পণ্য সরবরাহ এবং দপ্তর কর্তৃক গ্রহণের পর সরবরাহকৃত পণ্যের মূল্য, ভ্যাট, আয়কর ও অন্যান্য কর (যদি থাকে বিধি মোতাবেক) কর্তন পূর্বক চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসারের কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, হিসাব ভবন নিচ তলা, সেগুনবাগিচা, ঢাকা থেকে ই-এফটি/চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

১৭। নিয়োগের মেয়াদ ৩০-০৬-২০২৯ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

২৬/৭/২৬

মো: মনিরুজ্জামান
উপপরিচালক (উপসচিব)
ফোন: ২২৬৬০৩২১৬